গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা ঃ ২২ (উন্নয়ন-৩)
www.moedu.gov.bd

নং- ৩৭.০২.০০০০.০৮৩.১৫.০০৭.১৩(খন্ড-১)- ৪৬৩

তারিখ ঃ ১২ ভাদ্র ১৪২২ / ২৭ আগস্ট ২০১৫

নিয়োগ আদেশ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২১ আগস্ট ১৯৯৭ তারিখের সম/সওব্য/টিম-৪(২)-উঃপ্রঃনিঃ/৪৭/৯৭/ ১৮৮ সংখ্যক প্রজ্ঞাপন এবং অর্থ বিভাগের ০২ ডিসেম্বর ২০০৯ তারিখের নং-এস.আর.ও ২৫৫ আইন/২০০৯/অম/অবি(বাস্ত-১)জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৩২ আদেশ ও সিলেকশন কমিটির সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে ৳ ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/- বেতনক্রমের বিপরীতে সাকুল্য বেতনে প্রোগ্রাম মেয়াদ কালের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)"এর আওতায় নিম্নোক্ত শর্তে 'সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা' পদে নিয়োগ প্রদান পূর্বক তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে পদায়ন করা হলো ঃ

ক্রমিক নং	নাম, পিতা, মাতা/স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম, বেতন স্কেল ও এর বিপরীতে সাকুল্য বেতন	পদায়নকৃত কর্মস্থল
১.	Name: **MD. GOLAM RABBANI** Fathers' Name: MD. MESER UDDIN Mothers' Name MOST. GOLAPI BEGUM Village: Janipur Post: Dholvanga Upzilla: Sadullapur Zilla: Gaibanda Roll No 214002812	সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৳ ৮০০০-১৬৫৪০/- সাকুল্যেঃ ১৩,৫০০/-	থানা মাধ্যমিক শিক্ষা অফিস, পল্লবী, ঢাকা ।
২.	Name: **MUHA. SANWAR HABIB** Fathers' Name: MUHA. KHAYRUL ISLAM Mothers' Name HUSNE ARA BEGAM Village: NEHAR SCHOOLPARA Post: BADARGANJ; Upzilla: Badarganj Zilla: Rangpur Roll No 214003710	সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৳ ৮০০০-১৬৫৪০/- সাকুল্যেঃ ১৩,৫০০/-	থানা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্যামপুর, ঢাকা ।
৩.	Name: **MD.MAMUN HOWLADER** Fathers' Name: MD.MONASEB ALI HOWLADER Mothers' Name MOSAMMAT TASLIMA BEGUM Village: VILL:JANGALIA Post: AURABUNIA Upzilla: Kanthalia Zilla: Jhalokhathi Roll No 214013863	সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৳ ৮০০০-১৬৫৪০/- সাকুল্যেঃ ১৩,৫০০/-	থানা মাধ্যমিক শিক্ষা অফিস, খানজাহান আলী, খুলনা ।
৪.	Name: **AL-AMIN HASSAN** Fathers' Name: MD. MAYENUDDIN LASKHAR Mothers' Name MONOARA KHATUN Village: AMURIA Post: AMURIA Upzilla: Magura Sadar Zilla: Magura Roll No 214017322	সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৳ ৮০০০-১৬৫৪০/- সাকুল্যেঃ ১৩,৫০০/-	থানা মাধ্যমিক শিক্ষা অফিস, কোতোয়ালী, খুলনা ।

ক্রমিক নং	নাম, পিতা, মাতা/স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম, বেতন স্কেল ও এর বিপরীতে সাকুল্য বেতন	পদায়নকৃত কর্মস্থল
৫.	Name: **MD. RAJIB UDDIN** Fathers' Name: MD. ABDUS SALAM Mothers' Name ROHIMA BIBI Village: HOZA ANANTA KANDI Post: PANANAGAR Upzilla: Durgapur Zilla: Rajshahi Roll No 214007863	সহকারী থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ৳ ৮০০০-১৬৫৪০/- সাকুল্যে: ১৩,৫০০/-	থানা মাধ্যমিক শিক্ষা অফিস, পাঁচল্যাইশ, চট্টগ্রাম ।

০২। নিয়োগের শর্তাবলী ঃ

ক) প্রোগ্রামে নিয়োজিত কর্মকর্তা সার্বক্ষণিকভাবে প্রোগ্রামের কাজে নিয়োজিত থাকবেন এবং প্রোগ্রাম মেয়াদান্তে তাঁরা চাকুরি থেকে অব্যাহতি প্রাপ্ত হবেন মর্মে গণ্য হবেন। এর জন্য প্রোগ্রাম মেয়াদান্তে আলাদা কোন ছাড়পত্র ইস্যু করা হবে না;

খ) চাকুরিকালীন চাকুরি সংক্রান্ত বিদ্যমান প্রবিধানিক ব্যবস্থা অনুযায়ী আচরণ বিধি ও অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;

গ) প্রোগ্রাম পরিচালক একই প্রোগ্রামের আওতায় যে কোন স্থানে বদলি করতে পারবেন;

ঘ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশে এ নিয়োগ বাতিল করতে পারবেন;

ঙ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন ফেরৎ প্রদান সাপেক্ষে চাকুরি থেকে অব্যাহতি গ্রহণ করতে পারবেন, তবে অব্যাহতি গ্রহণের পূর্বে যাবতীয় সরকারি পাওনা পরিশোধ করতে হবে;

চ) নিয়োগ পত্রে উল্লেখ করা হয়নি এমন বিষয়ে প্রোগ্রামে নিয়োজিত জনবল অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবেন;

ছ) যোগদান পত্রের সাথে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র পেশ করতে হবে;

জ) চাকুরিতে যোগদানের ০৬ (ছয়) মাসের মধ্যে পুলিশ-প্রত্যয়নপত্র সংগ্রহ করা হবে। পুলিশ-প্রত্যয়ন পত্রে কোন বিরূপ মন্তব্য থাকলে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরি হতে সরাসরি অব্যাহতি দেয়া হবে;

ঝ) জাতীয় বেতন স্কেল, ২০০৯ পরবর্তী জারিকৃত পরিপত্র অনুযায়ী বিধি মোতাবেক প্রযোজ্য হারে তাঁরা অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন; এবং

ঞ) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

০৩। উল্লিখিত শর্তাদির আলোকে চাকুরিতে যোগদানে সম্মত থাকলে এতদসঙ্গে সংযুক্ত অঙ্গীকারনামায় (৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদিতব্য) স্বাক্ষরসহ আগামী ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখে 'প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (২য় ব্লক, ৬ষ্ঠ তলা, রুম নং-৬০১), ঢাকা'-এ তাঁদেরকে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তাঁর বা তাঁদের নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ও জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব (উন্নয়ন-৩)
☎ ৯৫৭৪০৯০
E-mail:ds_dev3@moedu.gov.bd

নং- ৩৭.০২.০০০০.০৮৩.১৫.০০৭.১৩(খন্ড-১)- **৪৬৩(২৪)** তারিখ ঃ ১২ ভাদ্র ১৪২২ / ২৭ আগস্ট ২০১৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।

২। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

৩। প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। যুগ্ম-প্রধান (শিক্ষা উইং), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। পুলিশ সুপার, জেলা ঃ ... ...।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

৯। সিভিল সার্জন, ...।

১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (তাঁকে প্রজ্ঞাপনটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

১১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১২। জনাব ... ...

২৭/৮/১৫
(মোঃ জহিরুল ইসলাম)
উপ-সচিব (উন্নয়ন-৩)

অঙ্গীকার নামা

এ মর্মে অঙ্গীকার করছি যে, আমি .....

পিতা/স্বামী .....

মাতা .....,

স্থায়ী ঠিকানা ঃ .....

.....

আমার উপরোক্ত ঠিকানা যথাযথ সত্য এবং আমার কোন ঠিকানা গোপন করিনি এবং মিথ্যা কোন ঠিকানা/তথ্য বা সনদপত্র চাকুরির ক্ষেত্রে ব্যবহার করিনি। শিক্ষা মন্ত্রণালয়ের ২৭ আগস্ট ২০১৫ তারিখের ৩৭.০২.০০০০.০৮৩.১৫.০০৭.১৩-..... সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক "সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)" -এর আওতায় বর্ণিত নিয়োগ প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে পালনের অঙ্গীকার করছি। তদানুযায়ী অদ্য ..... তারিখ ..... পদে যোগদান করলাম।

নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর